

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

প্রধান কার্যালয়

পল্লী ভবন (৭ম তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.sfdf.org.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.১৮.০১৬.১৪.- (৫৮ন)

তারিখঃ ০৭/০১/১৪২৩ বঙ্গাব্দ
২০/০৪/২০১৬ খ্রিস্টাব্দ

পরিপত্র

ফাউন্ডেশনের 'পরিচালনা পর্যদ'-এর বিগত ১৩ অক্টোবর, ২০১৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩৪তম সভার সিদ্ধান্ত অনুসরণে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা হলোঃ-


(১) ফাউন্ডেশনের যে সকল কর্মকর্তা/কর্মচারী লিয়েনে কর্মরত আছেন তাঁদেরকে নিম্নরূপ চাঁদা বর্ণিত পদ্ধতিতে ফাউন্ডেশনে জমা করতে হবেঃ

কর্মকর্তা/কর্মচারী/চাঁদার বিবরণ	চাঁদার পরিমাণ (টাকা)	পরিশোধের ধরণ	মন্তব্য
১। যৌথ বীমা			
(ক) ১-১০ গ্রেডভুক্ত পদ	৩০.০০	মাসিক	মূল বেতন বলতে ফাউন্ডেশনে কর্তরত থাকলে যে মূল বেতন প্রাপ্য হতেন তা বুঝাবে
(খ) ১১-২০ গ্রেডভুক্ত পদ	২০.০০	মাসিক	
২। কল্যাণ তহবিল			
(ক) ১-১০ গ্রেডভুক্ত পদ	৫০.০০	মাসিক	
(খ) ১১-২০ গ্রেডভুক্ত পদ	৪০.০০	মাসিক	
৩। কন্ট্রিবিউটরি প্রভিডেন্টফান্ড (সকল কর্মকর্তা/কর্মচারী)	মূল বেতনের ১০%	মাসিক	
৪। লিভ স্যালারি (সকল কর্মকর্তা/কর্মচারী)	মূল বেতনের ১২%	মাসিক	
৫। গ্র্যাচুইটি (সকল কর্মকর্তা/কর্মচারী)	৩০ জুন তারিখে মূল বেতনের দ্বিগুন	বার্ষিক	

(২) অন্য সংস্থায় লিয়েনে কর্মরত কর্মকর্তা/কর্মচারী লিয়েনে থাকাকালে ১,২,৩ ও ৪নং ক্রমিকে বর্ণিত মাসিক চাঁদাসমূহ প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে এবং ৫নং ক্রমিকে বর্ণিত চাঁদা প্রতিবছরের জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে ফাউন্ডেশনের বিবিধ আয়খাত নামীয় সঞ্চয়ী হিসাব নং-০১১৭২৩৪০৩০৬৩২-এ ব্যক্তিগতভাবে জমা করে জমার রশিদ ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে দাখিল করবে।

(৩) ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন যে কোন প্রকল্পে লিয়েনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর কর্তনসমূহ সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক তাঁদের বেতনভাতা হতে কর্তন করে রাখবেন। প্রকল্পে কর্মরত সকল লিয়েন কর্মকর্তা/কর্মচারীর কর্তনকৃত অর্থ একসাথে প্রকল্প পরিচালক ১,২,৩ ও ৪নং ক্রমিকে বর্ণিত মাসিক চাঁদাসমূহ প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে এবং ৫ নং ক্রমিকে বর্ণিত চাঁদা প্রতিবছর জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে হিসাবে প্রাপক চেকের মাধ্যমে ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে দাখিল করবে।

(৪) যৌথবীমা, কল্যাণ তহবিল, কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড, লিভ স্যালারি ও গ্র্যাচুইটির চাঁদা কর্মকর্তা/কর্মচারীর লিয়েনে যোগদানের মাস হতে কার্যকর হবে। এ ক্ষেত্রে বকেয়া চাঁদা আগামী ১২/০৫/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ক্রমিক নং ২-এর বর্ণনামতে অন্য সংস্থায় লিয়েনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং ক্রমিক নং-৩-এর বর্ণনামতে ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের প্রকল্প পরিচালকগণ জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।


(এ এইচ এম আরদুলাহ)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন-০২-৮১৮০১৫০
md.sfdf@yahoo.com

কার্যার্থে বিতরণঃ

- ১। ফাউন্ডেশন এবং ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের সকল কর্মকর্তা/কর্মচারী।
- ২। লিয়েনে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারী।

অনুলিপিঃ

- ১। সংশ্লিষ্ট নথি।
- ২। অফিস কপি।

৯.